৭৩

দৈনিক খবর

তারিখ 04 NOV 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৩টি হলে পুলিশের তল্লাশী ঃ কোন অস্ত্র পাওয়া যায়নি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩টি আবাসিক ছাত্রাবাসে গতকাল বুধবার প্রত্যুষে মহানগর পুলিশ কমান্ডো স্টাইলে তল্লাশী অভিযান চালিয়ে কোন অস্ত্র উদ্ধার কিংবা কাউকে গ্রেফতার করতে সক্ষম হয়নি। অভিযানের উদ্দেশ্য ছিল জিন্নাহ হত্যা মামলায় জড়িতদের গ্রেফতার ও অস্ত্র উদ্ধার।

মহানগর পুলিশের একটি সূত্র জানায়, গোয়েন্দা শাখা, রমনা থানা ও দাঙ্গা পুলিশের শক্তিশালী একটি দল ভোর রাতে এ অভিযান চালায়। পুলিশ সূর্যসেন, জহুরুল হক ও এস এম হলে একযোগে অভিযান চালানোর সময় কোন বহিরাগতকেও খুঁজে পায়নি। কমান্ডো স্টাইলে পরিচালিত অভিযানের সময় পুলিশ ঐ ৩টি ছাত্রাবাসের সন্দেহজনক কক্ষগুলোতে তল্লাশী চালায়।

সূত্র জানায়, সোমবার ছাত্রদলের উপদলীয় কোন্দলের জের হিসেবে নিহত ছাত্রদল নেতা জিন্নাহ'র হত্যাকারীদের গ্রেফতার করাই ছিল অভিযানের উদ্দেশ্য। পুলিশ এ হত্যা মামলায় যাদের গ্রেফতার করবে তাদের একটি তালিকাও তৈরী করেছে। মামলাটি বর্তমানে নগর গোয়েন্দা শাখায় স্থানান্তরিত হয়েছে। সূত্র আরো জানায়, জিন্নাহ হত্যা মামলায় জড়িত ছাত্রদল নেতা ও কর্মীদের গ্রেফতার করার জন্যে সরকারের উচ্চ পর্যায়ে থেকেও পুলিশকে নির্দেশ দেয়া হয়েছে। উল্লেখ্য, এ মামলায় গতকাল পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।